পারিবারিক বিবাদে রানিতলায় জখম ৫

পরাগ মজুমদার, রানিতলা : সোমবার মুর্শিদাবাদের রানিতলা লাগোয়া বাহালিয়া এলাকায় বসত ভিটেকে ঘিরে ২ শরিক পরিবারের মধ্যে মারপিটে ১ মহিলা সমেত ৫ জন জখম হন। স্থানীয় সূত্রের খবর, অলক বাহালিয়া ও বিশু বাহালিয়া সম্পর্কে ২ ভাই। বসত ভিটেকে ঘিরে তাঁদের ২ জনের মধ্যে বেশ কিছুদিন ধরে বিবাদ চলছিল। এদিন সকালে অলক বাহালিয়া টালির চাল মেরামত করছিল। অভিযোগ, সেসময় বিশু বাহালিয়া ও তাঁর ছেলে অলক, তাঁর স্ত্রী ও ২ মেয়ের ওপর লাঠি, বাঁশ ও হাঁসুয়া নিয়ে চড়াও হয়। অলক বাহালিয়ার স্ত্রী রঞ্জিতা বাহালিয়া বলেন, 'বাঁশের খুঁটি ও চাল নষ্ট হয়ে যাওয়ায় মেরামতির কাজ হচ্ছিল। সেসময় বিশু বাহালিয়া ও তাঁর ছেলে সুনীল আমাদের ওপর হামলা চালায়। হাঁসুয়ার কোপে আমার এক মেয়ের হাত কেটে গেছে।' যদিও বিশু বাহালিয়া হামলার অভিযোগ অস্বীকার করে বলেন, 'অলক ও তাঁর পরিবারের লোকরাই হামলা চালিয়েছে। নিজেরাই হাঁসুয়ায় হাত কেটেছে।' পুলিশ জানায়, ২ পক্ষের দায়ের করা অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু হয়েছে।

উস্তিতে তৃণমূল নেতাকে গুলি তির দলেরই একাংশের দিকে

সামিম হোসেন, উস্তি : রবিবার রাত ৯টা নাগাদ দলীয় কাজ সেরে উস্তি থেকে বাইকে চড়ে হালদার হাটে বাড়ি ফেরার পথে মগরাহাট পশ্চিম বিধানসভা কেন্দ্রের উত্তর কুসুম অঞ্চলের তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি সুজাউদ্দিন গাজীকে গুলি করে খুনের চেষ্টা করা হয় বলে জানা গেছে। বাড়ির কাছাকাছি তাঁকে ঘিরে গুলি চালানো হয়। গুলি তাঁর বুক ও তলপেটের মাঝামাঝি ফুঁড়ে পেছন থেকে বেরিয়ে যায়। রক্তাক্ত অবস্থায় তাঁকে প্রথমে বাণেশ্বরপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। সেখান থেকে পরে এসএসকেএম হাসপাতালে পাঠানো হয়েছে। গোটা এলাকায় বিশাল পুলিশ বাহিনী মোতায়েন করা হয়েছে। এই ঘটনায় স্থানীয় বিধায়ক তথা প্রাক্তন মন্ত্রী গিয়াসউদ্দিন মোল্লার অনুগামীদের দিকে অভিযোগের আঙুল উঠেছে। স্থানীয় সূত্রে জানা গেছে, মগরাহাট-১নং ব্লকের উত্তর কুসুম অঞ্চলের তৃণমূল কংগ্রেসের যুব সভাপতি সুজাউদ্দিন গাজী স্থানীয় গ্রামপঞ্চায়েত প্রধান কুতুবউদ্দিন লস্করের আত্মীয় ও তৃণমূল কংগ্রেসের ব্লক কমিটির সভাপতি ইমরান হাসানেরও ঘনিষ্ঠ। অভিযোগ, বিধায়কের ঘনিষ্ঠদের দিয়ে গ্রামপঞ্চায়েতের কাজ

করার জন্য প্রধানের ওপর জোর দেওয়া হয়। কিন্তু গ্রামপঞ্চায়েতের ২১জন সদস্যের বেশিরভাগ রাজি না হওয়ায় প্রধানও বেঁকে বসে। তাতেই বিধায়ক অসন্তুষ্ট হন। তারপর থেকে বিধায়কের সঙ্গে কুতুবউদ্দিনের ঠান্ডা লড়াই শুরু হয়। বিধায়কের ইন্ধনে কিছু সদস্য বিডিও'র কাছে প্রধানের বিরুদ্ধে অনাস্থার অভিযোগ জানান। কুতুবউদ্দিনও এসব কথা দলের ওপরমহলে নেতাদের জানান। বিধানসভা ভোটের পর থেকে তৃণমূল কংগ্রেসের ব্লক কমিটির যুব সভাপতি ইমরান হাসানের সঙ্গে প্রধান সংগঠনের বেশ কিছু বিষয় নিয়ে মতপার্থক্য শুরু হয়। সুজাউদ্দিন ইমরান ও কুতুবের তরফ নেন। তার ফলে সেও বিধায়কের বিষনজরে পড়ে। মাসদুয়েক আগে বিধায়ক ফোনে সুজাউদ্দিনকে হুমকিও দেন বলে অভিযোগ। তার অডিও রেকর্ড সোশাল মিডিয়ায় ভাইরাল হয়। এছাড়াও একাধিকবার সুজাউদ্দিনকে প্রাণনাশের হুমকি দেওয়া হয়েছিল বলেও অভিযোগ। তাই এবারের হামলায় ওই বিধায়কের ষড়যন্ত্র আছে বলে সুজাউদ্দিনের পরিবার মনে করছে। খবর পেয়ে ডায়মন্ড হারবারে এসডিপিও মিথুনকুমার দে রাতেই উস্তি থানা থেকে পুলিশ নিয়ে ঘটনাস্থলে যান। বিধায়ক গিয়াসউদ্দিন মোল্লা সব অভিযোগ অস্বীকার করে বলেন, 'এটা বিরোধীদের চক্রান্ত। সুজাউদ্দিন আমার দলের কর্মী, আমার ছোটো ভাইয়ের মতো। আমি ঘটনার তীব্র প্রতিবাদ করছি।'

কলকাতা পুরনিগমে ১৪৪টি আসনেই আমরা জিতব : অনুব্রত

অমলেন্দু মণ্ডল, বীরভূম : আজ, মঙ্গলবার কলকাতা পুরনিগমের ভোটগণনা। বুথফেরত সমীক্ষায় তৃণমূল কংগ্রেসের প্রার্থীরা সব আসনে জিততে পারছেন না বলে পূর্বাভাস দেওয়া হলেও তাতে কান পাততে নারাজ বীরভূমে দলের সুপ্রিমো অনুব্রত মণ্ডল। এমনকী রবিবারের ভোটে সন্ত্রাস হয়েছে বলে বিরোধীদের দাবি। এনিয়েও বিজেপিকে কটাক্ষ করতে ছাড়েননি অনুব্রত মণ্ডল। স্বরোজগার নিগমের চেয়ারম্যান হওয়ার পর তিনি সোমবার রামপুরহাটে আসেন। তিনি বলেন, 'আমি সবলা মেলার মাঠে আসিনি। আমার কর্তব্য দলীয় কার্যালয়ে আসা। তাই রামপুরহাটে এসেছি।' রামপুরহাটে এসডিএসের

মাঠে ২২ ডিসেম্বর সবলামেলা শুরু হচ্ছে। চলবে ২৮ ডিসেম্বর পর্যন্ত। ৬৫টি স্টল থাকার কথা। পুরসভার ভোট নিয়ে প্রশ্ন করা হলে তিনি সংবাদমাধ্যমকে বলেন, 'আমরা প্রস্তুত আছি। আর কলকাতা পুরনিগমে ১৪৪টি আসনেই আমরা জিতব।' সেইসঙ্গে তিনি বলেন, 'ত্রিপুরা থেকে বিজেপির শিক্ষা নেওয়া উচিৎ। ওদের লজ্জা লাগা উচিৎ। কয়েকজন বহিরাগত ডান্ডাগুলি খেলেছে বা হাতগুলি খেলেছে। তাদের গায়ে কি টিএমসি লেখা ছিল?'

বসিরহাটে বাংলাদেশের 'মোস্ট ওয়ান্টেড' দুষ্কৃতী বিএসএফের জালে

সুমন তালুকদার, বসিরহাট : উওর ২৪ পরগনার বসিরহাট মহকুমার বসিরহাট ঘোজাডাঙা পানিতর থেকে সীমান্তরক্ষী বাহিনীর ১৫৩ নং ব্যাটালিয়নের জওয়ানরা সোমবার সকালে বাংলাদেশের এক কুখ্যাত দুষ্কৃতী সমেত ৫ জন অনুপ্রবেশকারীকে আটক করে পুলিশের হাতে তুলে দেন। বসিরহাট থানার পুলিশ জানায়, ধৃতরা সকলেই বাংলাদেশের বাসিন্দা। অবৈধভাবে অনুপ্রবেশের জন্য তাঁদের গ্রেফতার করা হয়েছে। সূত্রের খবর, ধৃতদের মধ্যে ১ জন বৃহন্নলা ও ৩ জন মহিলা আছেন। বাংলাদেশের সাতক্ষীরা ভোমরা এলাকায় তাঁদের বাড়ি। এই দলে এক কুখ্যাত দুষ্কৃতী লুৎফর রহমান রয়েছে। তার নামে বাংলাদেশ সরকারের হুলিয়া রয়েছে। সে ভারত-বাংলাদেশ সীমান্তে নকুয়াদহ আত্মগোপন করেছিল বলে বিএসএফের ধারণা। পুলিশ জানায়, তার বিরুদ্ধে বাংলাদেশের বিভিন্ন জায়গায় খুন, ছিনতাই, রাহাজানি ও নানা সমাজবিরোধী কাজের অভিযোগ রয়েছে। বাংলাদেশের একাধিক জেলার পুলিশের খাতায় সে মোস্ট ওয়ান্টেড বলেই চিহ্নিত। বাংলাদের বর্ডার গার্ড তাকে খুঁজছিল। বিএসএফ সূত্রের খবর, কুখ্যাত এই দুষ্কৃতী সমেত ৫ জনকে বসিরহাট থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে। পুলিশ জানায়, ধৃতদের সোমবার বসিরহাট মহকুমা কোর্টে তোলা হয়েছে।

আইএনটিটিইউসি'র আলাদা সংগঠন নয় : ঋতব্রত

চিত্ত মাহাত, পশ্চিম মেদিনীপুর : সোমবার মেদিনীপুর শহরের প্রদ্যুৎ স্মৃতি সদনে রাজনৈতিক কর্মসূচিতে এসে দলীয় নেতাকর্মীদের উদ্দেশে সংগঠনের রাজ্য সভাপতি ঋতব্রত বন্দোপাধ্যায় জানান, 'আইএনটিটিইউসি'র হয়ে কোনো আলাদা সংগঠন কেউ চালাতে পারবেন না। ট্রেড ইউনিয়নের নাম ব্যবহার করে কোনোরকম দুর্নীতি বা অনৈতিক কাজের সঙ্গে জড়িয়ে পড়া চলবে না। সেজন্য আমরা ১টি হোয়াটসঅ্যাপ নম্বর (৬২৯২৬২৮৬৩) চালু করেছি। এতে ফোন করা যাবে না। শুধুমাত্র তথ্য প্রমাণ-সহ লিখিত অভিযোগ জানানো যাবে। অভিযোগ এলে আমরা কলকাতা থেকে ৭দিনের মধ্যে যোগাযোগ করে ব্যবস্থা নেব।' এছাড়াও ঋতব্রত বলেন, 'রাজ্যে এমুহূর্তে অসংগঠিত শ্রমিকদের সংখ্যা বেশি। তাঁদের অর্গানাইজ করার ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে।' সভায় এদিন ছিলেন জেলা পরিষদের সভাধিপতি উত্তরা সিং হাজরা, সহ-সভাধিপতি অজিত মাইতি, তৃণমূলের জেলা সভাপতি সুজয় হাজরা ও আইএনটিটিইউসি'র জেলা সভাপতি শৈবাল গিরি।

বাসন্তীতে রাজমিস্ত্রির দেহ উদ্ধার খুনের অভিযোগ, তদন্তে পুলিশ

সুভাষচন্দ্র দাশ, ক্যানিং : রবিবার রাতে বাসন্তী থানার অন্তর্গত উত্তর মোকামবেড়িয়া এলাকায় রাজমিস্ত্রি ভুবন মণ্ডলকে (২৯) গুলি করে খুন করা হল। স্থানীয় সূত্রের খবর, তিনি বাড়ি থেকে মোটরবাইকে চড়ে ফুলমালঞ্চ গ্রামে তাঁর শ্বশুরবাড়িতে যাওয়ার জন্য বেরিয়েছিলেন। সেখান থেকে নিজের শ্যালককে নিয়ে আসছিলেন। কিন্তু অনেকক্ষণ পরেও ভুবন বাড়িতে না পৌঁছোলে তাঁর পরিবারের লোকজন তাঁকে ফোন করে। ফোনে তাঁকে পাওয়া যায়নি। এরপর খুঁজতে খুঁজতে ওই গ্রামেরই নির্জন এক রাস্তার ধারে তাঁর রক্তাক্ত দেহ পাওয়া যায়। তাঁর কপালে ক্ষতচিহ্ন ছিল। কিন্তু তাঁর বাইক ওখানে ছিল না। এদিকে এই খবর পেয়ে বাসন্তী থানার আইসি আব্দুর রবের নেতৃত্বে পুলিশ গিয়ে ভুবনের মৃতদেহ ময়নাতদন্তে পাঠায়। পরিবারের অনুমান, তাঁকে খুন করে রাস্তার ধারে ফেলে রাখার পর মোটরবাইক নিয়ে দুষ্কৃতীরা চম্পট দিয়েছে। পুলিশ জানায়, এনিয়ে তদন্ত করা হচ্ছে।

মঙ্গলকোটে অজয় থেকে বালি তোলায় ধৃত ২

অভিজিৎ ঘোষ, মঙ্গলকোট : মঙ্গলকোটের পশ্চিম নবগ্রাম এলাকায় অজয় নদ থেকে রবিবার বিকেলে বেআইনিভাবে বালি তোলার সময় পুলিশ নিরাময় থান্দার ও শেখ ভোলেন নামে ২জনকে হাতেনাতে ধরে। এছাড়াও ১টি এক্সক্যাভেটর মেশিন ও ২টি ট্রাক্টর আটক করা হয়েছে। পুলিশ জানিয়েছে, ধৃতদের বাড়ি বীরভূম জেলার নানুর থানা এলাকায়। সোমবার তাদের কাটোয়া মহকুমা আদালতে তোলা হয়। পুলিশ জানায়, ট্রাক্টর চালকদের কাছে বৈধ কাগজপত্র ছিল না। দেখতে চাইতেই ১জন চালক চম্পট দেয়। উল্লেখ্য, পশ্চিম নবগ্রাম মৌজার বাসিন্দা সুব্রত দে'র নামে ৯.৮৭ একরের বৈধ বালিঘাটের ইজারা রয়েছে। তাঁর অভিযোগ, বীরভূমের মহাদেবপুর এলাকা দিয়ে রোজ শ'য়ে শ'য়ে ট্রাক্টর এসে ওই বালিঘাট থেকে বেআইনিভাবে বালি কেটে নিয়ে চলে যাচ্ছে। অভিযোগ পেয়ে পুলিশ এদিন অভিযান চালিয়ে ২ জনকে গ্রেফতার করে।

OFFICE OF THE TINPAKURIA GRAM PANCHAYAT
Tinpakuria, Samserganj, Murshidabad

NOTICE INVITING TENDER

Notice inviting tender by the undersigned for 01 (one) no. of scheme within Tinpakuria G.P. vide NIT No. 07/21.22. Date of sale of Tender Form on any working day from 10.12.2021 to 23.12.2021 (from 11.00 AM to 2.00 PM).
For further details or any query visit office of the undersigned on working days.

Sd/-
Prodhan
Tinpakuria Gram Panchayat
Samserganj, Murshidabad

হিন্দুস্তান পেপার কর্পোরেশন লিমিটেড (ইন লিকুইডেশন)-এর সম্পত্তি বিক্রয়ের বিজ্ঞপ্তি

(০২.০৫.২০১৯ তারিখে মাননীয় এনসিএলটি দ্বারা জারি নির্দেশিকা অনুযায়ী কোম্পানীটি লিকুইডেশন প্রক্রিয়ার অন্তর্গত)
রেজিস্টার্ড অফিস : সাউথ টাওয়ার, চতুর্থ তল, স্কোপ মিনার কমপ্লেক্স, লক্ষ্মী নগর, ডিস্ট্রিক্ট সেন্টার, নিউ দিল্লি - ১১০০৯২

ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি কোড, ২০১৬ অনুযায়ী লিকুইডেশন পক্রিয়ায় থাকা (বৈদ্যুতিন নিলামের পদ্ধতির নথি দেখতে পারেন) হিন্দুস্তান পেপার কর্পোরেশন লিমিটেড কোম্পানীর নিম্নোক্ত সম্পত্তি বৈদ্যুতিন নিলামের মাধ্যমে ২১.০১.২০২২ তারিখে দুপুর ১২টা থেকে সন্ধ্যা ৬টার মধ্যে বিক্রয় করার জন্য **যেখানে যেমন সেখানে তেমন, যেটি যেমন সেটি তেমন, এটি যেমনই হোক ও কোনো পরিবর্তন ছাড়াই** বিক্রি করার জনবিজ্ঞপ্তি জারি করা হচ্ছে ও বৈদ্যুতিন নিলামের পরিষেবা দেবে এমএসটিসি লিমিটেড। অংশগ্রহণ করতে ও নাম রেজিস্ট্রেশন করাতে লগ-অন করুন www.mstcecommerce.com ও আরো বিশদে শর্তাবলী জানতে দেখতে পারেন www.mstcindia.co.in.

স্থান	ঠিকানা / এলাকা	লট	সংরক্ষিত মূল্য	ইএমডি (টাকায়)
১. নাগোয়ান পেপার মিল (এনপিএম), (এইচপিসি লিমিটেডের একটি ইউনিট) ২. কাচার পেপার মিল (সিপিএম), (এইচপিসি লিমিটেডের একটি ইউনিট) (উভয় প্ল্যান্টের টেকনিক্যাল এরিয়া, টাউনশিপ এরিয়া সহ এনপিএম ও সিপিএমে পড়ে থাকা সব সম্পত্তি) ৩. হাফলং-এ লিজহোল্ড জমি।	১. নাগোয়ান পেপার মিল, জাগিরোড টাউনের কাছে, ন্যাশানাল হাইওয়ে নং ৩৭, জেলা-মরিগাঁও, আসাম। সম্পত্তিটি কমবেশি ৫৭৩.৯৫ একর জমির ওপর রয়েছে। ২. কাচার পেপার মিল, পঞ্চগ্রাম রেলওয়ে স্টেশনের কাছে, ন্যাশানাল হাইওয়ে নং ৫৩, বদরপুর উত্তর ও দক্ষিণ, তহশিল-আগলাপুর, জেলা-হাইলাকান্ডি, আসাম। সম্পত্তিটি কমবেশি ১০০৮ একর জমির ওপর রয়েছে। ৩. হাফলং, জেলা-ডিমা হাসাও। কমবেশি ১০ কাঠা (পাটা নং ২৯৫, দাগ নং ২৫) জমি।	লট-১	৫৬৭ কোটি	২৮.৩৫ কোটি
১. গুয়াহাটিতে একটি রেসিডেন্সিয়াল ফ্ল্যাট (দ্রষ্টব্য নং-১)	ফ্ল্যাট নং ১০৩, প্রথম তল, ব্লক নং - এ-১৫, ন্যাশনাল গেমস ভিলেজ, ন্যাশনাল হাইওয়ে নং -৩৭, বোরসাজি, মৌজা-বেলতলা, জেলা : কামরুপ, আসাম ১২৫০ বর্গফুট সুপার বিল্টআপ জায়গা।	লট-২	০.৪২ কোটি	২ লাখ
১. গুয়াহাটিতে একটি রেসিডেন্সিয়াল ফ্ল্যাট (দ্রষ্টব্য নং-১)	ফ্ল্যাট নং ১০৪, প্রথম তল, ব্লক নং - এ-১৫, ন্যাশনাল গেমস ভিলেজ, ন্যাশনাল হাইওয়ে নং -৩৭, বোরসাজি, মৌজা-বেলতলা, জেলা : কামরুপ, আসাম ১২৫০ বর্গফুট সুপার বিল্টআপ জায়গা।	লট-৩	০.৪২ কোটি	২ লাখ
১. মুম্বই য়ে একটি রেসিডেন্সিয়াল ফ্ল্যাট	ফ্ল্যাট নং ৩০১, তৃতীয় তল, বিল্ডিং নং - ১৫(অনিকেত), প্রেম জ্যোতি হাউসিং সোসাইটি লিমিটেড, অফ চেম্বুর ম্যানখুর্দ লিঙ্ক রোড, চেম্বুর, জেলা : মুম্বই, পিন - ৪০০ ০৪৩, মহারাষ্ট্র। ৬৫২ বর্গফুট পরিমাপের কার্পেট এরিয়া।	লট-৪	১.০০ কোটি	৫ লাখ
দিল্লির অফিস (লিজহোল্ড প্রপার্টি) স্কোপের ২৪.০৮.২০২১ তারিখে লেখা চিঠি ও অন্যান্য দাবি ও শর্তাবলী অনুযায়ী লট-৫-এর নিলাম শুধুমাত্র পিএসইউ সংস্থার মধ্যে সীমাবদ্ধ থাকবে।	স্কোপ মিনার, চতুর্থ তল, সাউথ টাওয়ার, কোর-৪, লক্ষ্মী নগর, ডিস্ট্রিক্ট সেন্টার, নিউ দিল্লি - ১১০০০২ কমবেশি ৫৪৭.৬৪ বর্গমিটার	লট-৫	৮.৫০ কোটি	৪৩ লাখ
নাগাল্যান্ড পাল্প অ্যান্ড পেপার কোম্পানি লিমিটেড-এর ১০০ টাকা করে ১, ১৩,৬২,২৩১টি ইক্যুটি শেয়ার।	নাগাল্যান্ড পাল্প অ্যান্ড পেপার কোম্পানি লিমিটেড (CIN - U21012NL1971SGC001349), রেজি. অফিস- পেপার নগর, পো : তুলি, জেলা : মোকোকচুং, নাগাল্যান্ড-৭৯৮৬২৩	লট-৬	১২.৪২কোটি	৬২ লাখ

দ্রষ্টব্য :
১। এখানে শুধু বিক্রির চুক্তিই হয়ে রয়েছে ও উক্ত ফ্ল্যাটটি হিন্দুস্তান পেপার কর্পোরেশন লিমিটেড-এর নামে নথিভুক্ত নয়।
ইওআই জমা দেওয়ার শেষ দিন : ৩০.১২.২০২১, বিকেল ৫টা। কোনো ইওআই ৩০.১২.২০২১ তারিখের মধ্যে জমা না পড়লে নিলাম বাতিল হয়ে যাবে। http://hindpaper.in এই ওয়েবসাইটে আপলোড করে ইওআই চেয়ে নেওয়া হবে। এছাড়া সমস্ত বিষয়ে যোগাযোগ করবেন এই ই-মেল আইডিতে : kuverma@gmail.com / liquidation.hpcl@gmail.com.

কুলদীপ বর্মা
হিন্দুস্তান পেপার কর্পোরেশন লিমিটেডের লিকুইডেটর
আইবিবিআই রেজিস্ট্রেশন নং- আইবিবিআই / আইপিএ-০০১ / আইপি-পি০০০১৪ / ২০১৬-১৭ / ১০০৩৮
রেজিস্টার্ড ঠিকানা : ৪৬ বি.বি গাঙ্গুলী স্ট্রীট, পঞ্চম তল, ইউনিট নং- ৫০১, কলকাতা- ৭০০০১২
রেজিস্টার্ড ই-মেল : kuverma@gmail.com, ফোন : +৯১ ৯৮৩৬০ ৭৭৯০০
তারিখ : ২১.১২.২০২১, স্থান : কলকাতা

আমডাঙায় কালীমন্দিরে চুরি

সুমন তালুকদার, আমডাঙা : রবিবার রাতে ঐতিহ্যবাহী আমডাঙা করুণাময়ী কালী মন্দিরের জানালা ভেঙে বিগ্রহের কমপক্ষে কোটি টাকার সোনার গয়না ও অন্যান্য মূল্যবান সামগ্রী চুরি হয়েছে। ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। চুরির কিনারা করতে ও দুষ্কৃতীদের গ্রেফতারের দাবিতে সোমবার বাসিন্দারা ৩৪ নং জাতীয় সড়ক অবরোধ করে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখান। তাতে যানবাহন চলাচল দীর্ঘ সময় ধরে আটকে থাকে। আমডাঙা থানার পুলিশ গিয়ে অবস্থা নিয়ন্ত্রণে আনে। মন্দিরে সিসিটিভি ও রাইফেলধারী পুলিশি নিরাপত্তা থাকা সত্ত্বেও কীভাবে এই চুরি হল, তা নিয়ে মন্দির কর্তৃপক্ষ ধন্দে রয়েছে। স্থানীয় বিধায়ক রফিকুর রহমান জানান, বিগ্রহ স্পর্শ করলেই সাইরেন বেজে ওঠার কথা । কিন্তু কোনো কারণে সেই সাইরেন বাজেনি। সেটাও পুলিশকে খতিয়ে দেখতে হবে। পুলিশ জানায়, সবদিক খতিয়ে দেখা হচ্ছে।

বোলপুরে বিকল্প পৌষমেলার প্রস্তুতি

সৌতিক চক্রবর্তী, শান্তিনিকেতন : আগামী ২৩ ডিসেম্বর থেকেই বোলপুরের ডাকবাংলো ময়দানে পৌষমেলার মতোই মেলা বসবে। তবে এই মেলা সম্পর্কে বোলপুরের ব্যবসায়ী সমিতির কোষাধ্যক্ষ সুব্রত ভকত বলেন, 'পৌষমেলার মতো বড়ো আকারের মেলা না হলেও, এটি শহুরবাসী তথা জেলাবাসীর কাছে ১টি বিকল্প মেলা হিসেবেই গড়ে উঠবে। বাংলা সংস্কৃতি মঞ্চের সহযোগিতায় এই মেলা হবে।' সোমবার পুলিশের কর্তারা মেলার মাঠ পরিদর্শন করেন।

তারাপীঠে চালু বৈদ্যুতিক চুল্লি

নিজস্ব সংবাদদাতা, বীরভূম : বীরভূমের তারাপীঠের শ্মশানে বৈদ্যুতিক চুল্লি চালু করার পর যান্ত্রিক ত্রুটির কারণে তা বিকল হয়ে যায়। তারপর চুল্লি সচল রাখতে তোড়জোড় শুরু হয়। তারাপীঠ রামপুরহাট উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান সুকুমার মুখোপাধ্যায় বলেন, 'সোমবার থেকে বৈদ্যুতিক চুল্লি ফের চালু হল।'

হায়দরাবাদে কাজে গিয়ে সাগরের বাসিন্দার রহস্যমৃত্যু

নিজস্ব সংবাদদাতা, গঙ্গাসাগর : আর্থিক অনটনের কারণে হায়দরাবাদে রাজমিস্ত্রির কাজে গিয়ে গঙ্গাসাগরের মহিষমারি এলাকার বাসিন্দা অরুণ মণ্ডল (২২) মারা গেছেন। তাঁর বাড়িতে খবর এসেছে, রবিবার সকালে তিনি আত্মঘাতী হয়েছেন। একথা মানতে নারাজ মৃতের বাবা নিমাই মণ্ডল। তাঁর অভিযোগ, 'আমার ছেলে ঠিকাদারের কাছে টাকা পেত। এই টাকা যাতে না দিতে হয়, তাই আমার ছেলেকে মেরে গাছের সঙ্গে ঝুলিয়ে দেওয়া হয়েছে। আমি এনিয়ে রাজ্য সরকারের কাছে তদন্ত দাবি করছি।'

৩ জেলায় পথদুর্ঘটনায় মৃত ৪

নিজস্ব সংবাদদাতা, কুলপি, রায়না ও ফরাক্কা : দক্ষিণ ২৪ পরগনার উস্তি থানার হটুগঞ্জের সুজয় ও বিজয় মণ্ডল রবিবার রাতে কুলপি বাজার থেকে বাইক চড়ে ফিরছিলেন। ১১৭ নং জাতীয় সড়কের কুলপি কচুবেড়িয়ায় রাস্তায় উলটোদিক থেকে আসা ট্রাক সজোরে তাদের ধাক্কা মারে। ২জনে ছিটকে পড়ে যান। ঘটনাস্থলেই ২জনই মারা যান। অন্যদিকে, সোমবার পূর্ব বর্ধমান জেলার রায়না থানার আরামবাগ রাজ্যসড়কের খালেরপোল এলাকায় লরির চাকায় পিষে মারা যান বাইকারোহী শেখ বাবর আলি (৪২)। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, দিনে অতিরিক্ত পণ্য নিয়ে লরি যেভাবে রাস্তায় চলছে, তাতে যানজট-সহ দুর্ঘটনা রোজ বাড়ছে। এছাড়া এদিন, মুর্শিদাবাদের ফরাক্কার সুদনায় নিয়ন্ত্রণ হারিয়ে বাইক গর্তে পড়ে যাওয়ায় ফরাক্কা নিশিন্দ্রার বাসিন্দা বিকাশ মণ্ডল (৩১) মারা যান। সূত্রের খবর, এদিন ২ যুবক বাইকে চেপে সুদনা থেকে নিশিন্দ্রা যাচ্ছিলেন। আচমকা বাইকটি নিয়ন্ত্রণ হারিয়ে গর্তে পড়ে গেলে ২ জনেই ছিটকে পড়েন। স্থানীয় বাসিন্দারা তাঁদের উদ্ধার করে বেনিয়াগ্রাম হাসপাতালে নিয়ে গেলে ডাক্তার বিকাশকে মৃত বলে জানান। আরেকজনকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। পুলিশ জানায়, তিনটি ঘটনায় যে ৪ জন মারা গেছেন তাঁদের দেহ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। সব ঘটনাই তদন্ত করে দেখা হচ্ছে।

বড়জোড়া ও দুবরাজপুরে সিপিএমের বিক্ষোভ

দীপেন ঢাং, বড়জোড়া ও অশোক মণ্ডল, দুবরাজপুর : এদিন বিকালে সিপিআই(এম) দলের কর্মীরা বড়জোড়া চৌমাথা মোড়ে প্রতিবাদ সভা করে নির্বাচন কমিশনারের পদত্যাগ দাবি করে পুনর্নির্বাচনের দাবি জানান। দলের বড়জোড়া অঞ্চল কমিটির সম্পাদক সুজয় চৌধুরির দাবি, 'ভোটে ব্যাপক ছাপ্পা হয়েছে। তৃণমূলের গুন্ডারা আমাদের প্রার্থীদের মাথা ফাটিয়ে দিয়েছে। বুথে পোলিং এজেন্ট বসতেই দেয়নি। যেখানে পোলিং এজেন্টদের বের করতে পারেনি, সেসব এলাকায় এজেন্টদের বাড়িতে গিয়ে হুমকি দেওয়া হয়েছে। জানি না, ভোটের পরে আমাদের দলের কর্মীরা নিরাপদে থাকতে পারবেন কিনা।' তাঁর দাবি, বুথে সিসি ক্যামেরার ওপর কাগজ সাঁটিয়ে দিয়ে বহিরাগত দুষ্কৃতীরা ব্যাপক ছাপ্পা ভোট দিয়েছে। সে ছবি সংবাদমাধ্যমের ক্যামেরায় সারা দেশ দেখেছে। এরপরও মুখ্যমন্ত্রী ও তার ভাইপো কী করে বলছেন, ভোট নির্বিঘ্নে হয়েছে। দলের নেতা মহাদেব সিংহ বলেন, 'রাজ্যের গণতন্ত্রকে খুন করে তৃণমূল যে উল্লাস করছে, আমরা তার তীব্র প্রতিবাদ জানাচ্ছি।' এনিয়ে

বড়জোড়ার বিধায়ক তৃণমূল নেতা অলক মুখোপাধ্যায় বলেন, 'রাজ্যের মানুষ সিপিআই(এম) দলকে ১০ বছর আগেই প্রত্যাখ্যান করেছে। এখন ওদের নাটক দেখার লোক নেই।' অন্যদিকে, কলকাতার পুরনিগমের ভোটে অনিয়মের প্রতিবাদ করতে সোমবার বীরভূমের দুবরাজপুর শহরে সিপিআই(এম) দলের নেতাকর্মীরা বিক্ষোভ মিছিল করে শহর পরিক্রমা করে পথসভা করেন। পথসভায় ছিলেন সিপিআই(এম) দলের নেতা সাধন ঘোষ, শীতল বাউরি, দুবরাজপুর পুরসভার প্রাক্তন কাউন্সিলর আলাউদ্দিন খাঁন, পল্টু বাগদি ও অনেকে। তাঁরা কলকাতা পুরভোটে বেনিয়মের কথা তুলে ধরেন। তাঁদের অভিযোগ, তৃণমূল সর্বত্র ছাপ্পা ভোট দিয়েছে। ভোটের নামে প্রহসন হয়েছে।

দুবরাজপুরে যানজটে নাকাল পথচারীরা

নিজস্ব সংবাদদাতা, দুবরাজপুর : কলকাতায় পুরভোট উপলক্ষে বীরভূম জেলা প্রশাসন যানবাহন চলাচলের লাগাম দিয়েছিল। কলকাতাগামী সব গাড়ি ওয়ান ওয়ে করে রাখা হয়েছিল। কিন্তু সেসব গাড়িই নিয়ম ভেঙে তাড়াহুড়ো করে যেতে গিয়ে রাস্তায় যানজট তৈরি করে। এর জেরে ছোটো গাড়ি ও বাসযাত্রীরা ভোগান্তিতে পড়ে। দুবরাজপুর শহর থেকে জয়দেব মোড় অবধি ১২ কিলোমিটার রাস্তা যেতে এদিন ৫ ঘণ্টার বেশি সময় লেগেছে। এনিয়ে উদ্বিগ্ন বাসযাত্রীরা ক্ষোভ প্রকাশ করেছেন। রাস্তায় থাকা কিছু দালাল বড়ো বড়ো মালবোঝাই গাড়ি পার করতে গিয়েও যানজট পাকায়। খবর পেয়ে দুবরাজপুর থানার ওসি আফরোজ হোসেন পুলিশবাহিনী নিয়ে গিয়েও নিজেই লাঠি হাতে ট্রাফিক সামাল দিতে পথে নামেন।

বিষ্ণুপুরে পর্যটকের ঢল, চালু পুলিশের সহায়তা বুথ

সঞ্জয় সরকার, বিষ্ণুপুর : ডিসেম্বরে শীতের কামড় জাঁকিয়ে বসতেই বিষ্ণুপুরে পর্যটকের ঢল নেমেছে। তাই পর্যটকদের সুবিধার জন্য বিষ্ণুপুর হাইস্কুল মোড়ে জেলা পুলিশের উদ্যোগে পুলিশ সহায়তা বুথ খুলল। রবিবার বিষ্ণুপুরের মহকুমা পুলিশ আধিকারিক কুতুবউদ্দিন খান ফিতে কেটে তার উদ্বোধন করেন। ছিলেন বিষ্ণুপুর থানার আইসি নন্দন মণ্ডল ও অন্যান্য আধিকারিকরা। ৩ বছর আগে পর্যটন মরসুমে পর্যটকদের সুবিধার কথা মাথায় রেখে এই পর্যটন পুলিশ বুথ খোলা হয়েছিল। করোনা পরিস্থিতিতে যা বন্ধ হয়ে যায়। এখন করোনা আবহ কাটিয়ে বিষ্ণুপুর ফের নিজের ছন্দে ফিরেছে। দলে দলে পর্যটকদের আনাগোনা শুরু হয়েছে। এই পরিস্থিতিতে শহরের শান্তিশৃঙ্খলা বজায় রাখতে পুলিশ ফের বুথটি চালু করল। সূত্রের খবর, যেখানে সর্বক্ষণের জন্য ২ জন পুলিশকর্মী পর্যটকদের সহায়তার জন্য থাকবেন। কুতুবউদ্দিন খান বলেন, 'এখন বিষ্ণুপুরে প্রতিদিন প্রচুর পর্যটক আসছেন। সহায়তা বুথে থাকা পুলিশ পর্যটকদের সবরকম সাহায্য করবেন। কোনো পর্যটক কোথাও অসুবিধায় পড়লে

৭৮৬৬৮-২৫২২৩ এই টোল ফ্রি নম্বরে ফোন করলেই সেখানে পুলিশ পৌঁছে যাবে।' উল্লেখ্য, শনি ও রবিবার বিষ্ণুপুরে সব হোটেল ঠাসা ছিল। এখন মন্দির দেখার পাশাপাশি বিষ্ণুপুরের বড়ো আকর্ষণ শনি ও রবিবারের 'পোড়ামাটির হাট'। শান্তিনিকেতনের সোনাঝুরি হাটের আদলে বিষ্ণুপুর জোড়শ্রেণি মন্দিরের কাছে এই পোড়ামাটির হাট আগে কেবল শনিবার বসত। সেখানে টেরাকোটার ঘোড়া থেকে বিভিন্ন শো-পিস, ডোকরা, শঙ্খ, কাঠের তৈরি সামগ্রী, বালুচরী শাড়ি ও রাজগ্রামের তাঁত ইত্যাদি হস্তশিল্প সামগ্রী নিয়ে জেলার শিল্পীরা হাটে চলে আসত। হাটের মাঠে ছিল মহিলা স্বয়ম্ভর গোষ্ঠীর তৈরি শীতের পিঠেপুলির আয়োজন। এখন সরকারি এই উদ্যোগ জনপ্রিয়তা পাওয়ায় মহকুমা প্রশাসন থেকে শনি ও রবিবার এই হাট বসানোর আয়োজন করা হয়েছে। এতে পসরা বিক্রি করতে আসা শিল্পীরাও যেমন খুশি, তেমন পর্যটকরাও পছন্দের জিনিস কিনতে পারছেন। এনিয়ে বিষ্ণুপুর মহকুমাশাসক অনুপকুমার দত্ত বলেন, 'বিষ্ণুপুরের বালুচরী, শঙ্খ, লণ্ঠন ও কাঁসা ইত্যাদি শিল্প ছাড়াও জেলার বিভিন্ন প্রান্তে অনেক হস্তশিল্প রয়েছে। কিন্তু সেসব বিচ্ছিন্নভাবে থাকার ফলে শিল্পের প্রচার ও প্রসার সেভাবে হচ্ছিল না। শিল্পীরাও তাঁদের তৈরি সামগ্রী ক্রেতাদের সরাসরি বিক্রির সুযোগ পাচ্ছিলেন না। এই হাটের জন্য সেই সুযোগ যেমন হচ্ছে, তেমনই বিষ্ণুপুরে পর্যটনের মানও উন্নত হচ্ছে।' পোড়ামাটির হাটে একদিকে যেমন শিল্পসামগ্রী কেনাবেচা চলছে তেমনই হাটের মাঠে ধামসা-মাদলের তালে আদিবাসী মহিলা-পুরুষরা নাচ দেখিয়ে কিছু রোজগার করতে পারছেন। এরজন্য ছৌ-নাচ-সহ বিভিন্ন লোকসংস্কৃতির আয়োজন থাকছে।